এই প্রশ্নপত্রটিতে ৩২টি প্রশ্ন [ বিভাগ—ক (২০) + বিভাগ—খ (৭) অথবা বিভাগ—গ (৫) ] এবং ৮টি মুদ্রিত পৃষ্ঠা আছে।

রোল নং | | | | | | | | | | | | |

কোড নং **50/SS/A/B**

সেট **A**

# বাংলা

## (303)

পরীক্ষার দিন ও তারিখ ..................................................................................................

তত্ত্বাবধানকারীদের স্বাক্ষর ১. ..........................................................................

২. ..........................................................................

---

***সাধারণ নির্দেশাবলী :***

1. পরীক্ষার্থীরা প্রশ্নপত্রের প্রথম পাতায় অবশ্যই তাঁদের রোল নং লিখবেন।

2. দয়া করে প্রশ্নপত্রটি পরীক্ষা করে দেখে নিন যে সর্বমোট পৃষ্ঠা ও সমস্ত প্রশ্ন প্রথম পৃষ্ঠার উপরে মুদ্রিত সংখ্যার সাথে মিলছে কি না। একই সাথে পরীক্ষা করে দেখে নিন যে প্রশ্নগুলি ক্রম অনুসারে আছে কি না।

3. উত্তর-পুস্তিকার উপরে কোনো রকম পরিচয়ের স্বাক্ষর করলে অথবা নির্ধারিত জায়গা ছাড়া অন্য কোথাও রোল নং লিখলে উত্তর-পুস্তিকাটি বাতিল বলে গণ্য হবে।

4. আপনার প্রশ্নপত্রের কোড নং 50/SS/A/B এবং সেট A টি উত্তর-পুস্তিকার যথাযথ স্থানে লিখবেন।

www.cbseportal.com
Download From: http://cbseportal.com

# বাংলা

# (303)

সময় : 3 ঘণ্টা ] [ পূর্ণমান : 100

**দ্রষ্টব্য :** (i) এই প্রশ্নপত্রে 'ক', 'খ' এবং 'গ' তিনটি বিভাগ আছে।

(ii) বিভাগ 'ক'-এর সব প্রশ্নের উত্তর দেওয়া আবশ্যিক।

(iii) বিভাগ 'খ' এবং বিভাগ 'গ'-এর যে কোনো **একটি** বিভাগের সব প্রশ্নের উত্তর দিতে হবে।

(iv) বিভাগ 'ক'-এর মান 85 এবং বিভাগ 'খ' অথবা বিভাগ 'গ'-এর মান 15.

## বিভাগ—ক

**1.** (ক) নিম্নলিখিত কাব্যাংশের সপ্রসঙ্গ ব্যাখ্যা লিখুন : 4

রাধার কী হৈল অন্তরে ব্যথা।
বসিয়া বিরলে থাকয়ে একলে
না শুনে কাহারো কথা॥

সদাই ধেয়ানে চাহে মেঘ পানে
না চলে নয়ন তারা।
বিরতি আহারে রাঙা বাস পরে
যেমত যোগিনী পারা॥

অথবা

সগর বংশের যথা সাধিলা মুকতি
পবিত্রিলা আনি মায়ে, এ তিন ভুবন,
সেইরূপ ভাষাপথ খননি স্ববলে
ভারত রসের স্রোত আনিয়াছ তুমি
জুড়াতে গৌড়ের তৃষা সে বিমল জলে।

(খ) নিম্নলিখিত কবিতাংশের ভাব-সৌন্দর্যের পরিচয় দিন : 2

এই পৃথিবীতে এক স্থান আছে—সবচেয়ে সুন্দর করুণ;
যেখানে সবুজ ডাঙা ভরে আছে মধুকুপী ঘাসে অবিরল;
সেখানে গাছের নাম : কাঁঠাল, অশ্বত্থ, বট, জারুল, হিজল;
সেখানে ভোরের মেঘে নাটার রঙের মতো জাগিছে অরুণ;

Download From: http://cbseportal.com

**2.** নিম্নলিখিত প্রশ্নগুলির যে কোনো **দুটির** উত্তর (অনধিক **35**টি শব্দে) লিখুন : 2×2=4

(ক) বিবাহবাসরে পদ্মাবতীর মনে ভাবী স্বামীর প্রতি গভীর অনুরাগ তার কোন্ কোন্ আচরণে ফুটে উঠেছে?

(*পদ্মাবতীর বিবাহমঙ্গল*)

(খ) নারীরা যুগে যুগে যে পুরুষের সমান কীর্তির পরিচয় দিয়েছে তার দুটি দৃষ্টান্ত দিন।

(*নারী*)

(গ) বাংলা ভাষা উচ্চারিত হলে কবির চোখে যে চেনা ছবি ফুটে ওঠে তার দুটির কথা লিখুন।

(*বাংলা ভাষা উচ্চারিত হলে*)

(ঘ) যুগে যুগে ঈশ্বরপ্রেরিত দূতগণের আবেদনও মানুষ অগ্রাহ্য করেছে, সেটা কতখানি সমর্থনযোগ্য বলে আপনি মনে করেন?

(*প্রশ্ন*)

**3.** 'নাজমা' কবিতায় কোন্ ভাবটি আপনাকে নাড়া দেয়, সংক্ষেপে লিখুন। 2

**4.** বাংলা কাব্যধারায় মঙ্গলকাব্যের দুটি বৈশিষ্ট্য বুঝিয়ে দিন। 2

**5.** একটি শব্দালংকার ও একটি অর্থালংকারের উদাহরণ দিন। 2

**6.** নিম্নলিখিত অংশটি পড়ে প্রদত্ত প্রশ্নের উত্তরগুলি লিখুন : 1×4=4

ভদ্র মোরা, শান্ত বড়ো,
পোষ-মানা এ প্রাণ
বোতাম-আঁটা জামার নীচে
শান্তিতে শয়ান।
দেখা হলেই মিষ্ট অতি
মুখের ভাব শিষ্ট অতি,
অলস দেহ ক্লিষ্ট গতি—
গৃহের প্রতি টান।
তৈল ঢালা স্নিগ্ধ তনু
নিদ্রারসে ভরা,
মাথায় ছোটো বহরে বড়ো
বাঙালি সন্তান।

(ক) কবি বর্ণিত বাঙালি সন্তানের দেহের বৈশিষ্ট্য দেখান।

(খ) ওদের মিষ্ট স্বভাব কোন্ আচরণে প্রকাশ পেয়েছে?

(গ) অলসতার ফল কী হয়েছে?

(ঘ) ওদের প্রাণের কোন্ বৈশিষ্ট্য দেখানো হয়েছে?

Download From: http://cbseportal.com
www.cbseportal.com

**7.** নিম্নলিখিত গদ্যাংশের সপ্রসঙ্গ ব্যাখ্যা লিখুন : 6

এ সংসারের ক্ষীর, সর, দুগ্ধ, দধি, মৎস্য, মাংস সকলই তোমরা খাইবে, আমরা কিছু পাইব না কেন? তোমরা মনুষ্য, আমরা বিড়াল, প্রভেদ কী? তোমাদের ক্ষুৎপিপাসা আছে—আমাদের কী নাই? তোমরা খাও, আমাদের আপত্তি নাই; কিন্তু আমরা খাইলেই তোমরা কোন্ শাস্ত্রানুসারে ঠেঙ্গা লাঠি লইয়া মারিতে আইস, তাহা আমি বহু অনুসন্ধানেও পাইলাম না।

**অথবা**

কয়েক মাস তথায় অবস্থিতির পর, বিচারকর্তাদের সম্মুখে নীত হইলে তাঁহারা এই দণ্ড বিধান করিলেন, তোমাকে আমাদের সম্মুখে হাঁটু পাড়িয়া ও বাইবেল স্পর্শ করিয়া কহিতে হইবেক, আমি পৃথিবীর গতিপ্রকৃতি যাহা ভ্রান্ত প্রতিপন্ন করিয়াছি সে সমুদয় অস্বর্গ্য, ধর্ম-বিদ্বিষ্ট ও ভ্রান্তিমূলক। গ্যালিলিয় সেই বিষম সময়ে মনের দৃঢ়তা রক্ষা করিতে না পারিয়া, যথোক্ত প্রকারে পূর্বনির্দিষ্ট প্রতিজ্ঞাবাক্য উচ্চারণ করিলেন।

কিন্তু গাত্রোত্থান করিবামাত্র, আন্তরিক দৃঢ় প্রত্যয়ের বিপরীত কর্ম করিলাম, এই ভাবিয়া মনোমধ্যে ঘৃণারোষসহ কৃত যৎপরোনাস্তি অনুতাপ উপস্থিত হওয়াতে, তিনি পৃথিবীতে পদাঘাত করিয়া উচ্চৈস্বরে কহিলেন, ইহা এখনো চলিতেছে।

**8.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

(ক) 'সব্যসাচী' গদ্যাংশে রাজ-বিদ্রোহীর প্রতি অপূর্বর শ্রদ্ধা প্রদর্শনের কারণ দেখান। 2

(খ) গিরীশ মহাপাত্রের চেহারার একটি বৈশিষ্ট্য উল্লেখ করুন। 1

(গ) কালাপাহাড়ের মৃত্যু কীভাবে হয়েছিল? 2

(ঘ) তাঁতি মদনের সুতোবিহীন তাঁত চালানোর শব্দে অন্য তাঁতিদের কী ভুল ধারণা হয়েছিল? 2

**9.** যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দিন : 2

(ক) 'অনাচার' গল্পে সুভাষ কাকিমা অন্যদের দ্বারা নিন্দিত হয়েছিলেন। তাদের মধ্যে সত্যদির ভাষা ব্যবহারের বৈশিষ্ট্য দুই একটি উদাহরণ দিয়ে দেখান।

(খ) 'নীলকণ্ঠ' নাটকে বালক 'মহারাজ'-এর প্রতি উপস্থিত শিক্ষিতদের আচরণ আপনি সমর্থন করেন কিনা, বুঝিয়ে দিন।

**10.** নিম্নলিখিত গদ্যাংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দিন :

পর্বতের সানুদেশ অতিক্রম করছি। দুই ধারে উপবন, তারি মাঝ দিয়ে পথ। জনমানব নেই, কিন্তু সমস্ত যেন কারা সযত্নে সুমার্জিত করে রেখেছে। সুবিন্যস্ত তরুশ্রেণি, সুশ্যাম সুচারু তৃণভূমি। তারই প্রান্তে দেখা যাচ্ছে পার্বতী মন্দির—সুধা ধবল।

(ক) লেখক এখানে কীসের বর্ণনা দিয়েছেন? 1

(খ) তরুশ্রেণি ও তৃণভূমি সম্বন্ধে কী বলা হয়েছে? 1

(গ) পার্বতী মন্দিরের অবস্থান কোথায়? 2

Download From: http://cbseportal.com



www.cbseportal.com

**11.** 'আরণ্যক' উপন্যাসে রাজু পাঁড়ের জীবনযাত্রার কোন্ কোন্ দিক বিশেষভাবে দেখানো হয়েছে? 4

**অথবা**

রাজা দোবরু পান্নার পূর্বপুরুষ সম্বন্ধে কী জানা যাচ্ছে?

**12.** যে কোনো **চারটির** উত্তর দিন : 1×4=4

(ক) সরস্বতী কুণ্ডীতে বন্য জন্তুদের জলপানের একটি বিস্ময়কর দৃশ্য দেখান।

(খ) দোবরু পান্নার অবস্থা এখন কী রকম?

(গ) রাজার পূর্বপুরুষের সমাধিস্থলের বৈশিষ্ট্য কী?

(ঘ) যুগলপ্রসাদ কোন্ কাজে মগ্ন থাকত?

(ঙ) ভানুমতীর পরিচয় কী?

**13.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

(ক) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন (যে কোনো **দুটি**) : 2

দিলদরিয়া ; জলস্রোত ; অনভিজ্ঞ ; হস্তরোপিত।

(খ) প্রত্যয় নির্ণয় করুন (যে কোনো **দুটি**) : 2

তপ্ত ; কর্তব্য ; শ্যামল ; মুখর।

(গ) চলিত ভাষায় লিখুন : 4

তাঁহাকে গরু চরাইতে দেখিয়া আশ্চর্য হইয়াছিলাম।

(ঘ) তৎসম শব্দ বেছে নিয়ে লিখুন : 2

তার মুখ প্রাপ্তির আশায় উজ্জ্বল।

Download From: http://cbseportal.com

**14.** যে কোনো **একটি** বিষয়ে একটি প্রতিবেদন রচনা করুন : 4

(ক) আপনাদের এলাকায় সম্প্রতি বিদ্যুৎসংযোগ পৌঁছানোয় এলাকার বহুদিনের অভাব ঘুচল। এ বিষয়ে সংবাদপত্রের জন্য একটি প্রতিবেদন লিখুন।

(খ) আপনাদের এলাকায় বর্ষার জল জমে থাকার সমস্যা নিয়ে সংবাদপত্রের জন্য একটি প্রতিবেদন লিখুন।

**15.** আপনার বন্ধু আপনাকে একটি গল্পের বই উপহার দিয়েছে। বইটি হাতে পেয়ে আপনার মনে যে প্রতিক্রিয়া হয়েছে সে সম্বন্ধে (অনধিক **40টি** শব্দে) লিখুন। 2

**অথবা**

বিয়ে বাড়ির নিমন্ত্রণে গিয়ে আপনার খুব ছোটোবেলার এক বন্ধুকে পেলেন। তাতে আপনার মনের প্রতিক্রিয়া ব্যক্ত করে (অনধিক **40টি** শব্দে) লিখুন।

**16.** নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দিন :

যে সব বাঙালির ছেলে স্বাভাবিক বা আকস্মিক কারণে ইংরেজি ভাষা দখলে আনিতে পারিল না তাহারা কী এমন মারাত্মক অপরাধ করিয়াছে যে জন্য তাহারা বিদ্যামন্দির হইতে যাবজ্জীবন আন্দামানে চালান হইবার যোগ্য? ইংলণ্ডেও একদিন ছিল সামান্য কলাটা মূলাটা চুরি করিলে ফাঁসি হইতে পারিত, কিন্তু এ যে তার চেয়েও কড়া আইন। এ যে চুরি করিতে পারে না বলিয়াই ফাঁসি, কেননা মুখস্থ করিয়া পাশ করাই তো চৌর্যবৃত্তি। যে ছেলে পরীক্ষাশালায় গোপনে বই লইয়া যায় তাহাকে খেদাইয়া দেওয়া হয়; আর যে ছেলে তার চেয়েও লুকাইয়া লয়, অর্থাৎ চাদরের মধ্যে না লইয়া মগজের মধ্যে লুকাইয়া লয়, সেই বা কম কী করিল?

(ক) আন্দামানে চালান করার মতো অপরাধ কাকে বলা হয়েছে? 1

(খ) মগজের মধ্যে লুকাইয়া লওয়ার মানে কী? 1

(গ) চৌর্যবৃত্তি কাকে বলা হয়েছে? 1

**17.** যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দিন : 4

(ক) একটি কলেজে 50 জন বিজ্ঞান বিভাগে, 20 জন কলা বিভাগে ও 20 জন বাণিজ্য বিভাগে পাশ। 10 জন পাশ করতে পারেনি। একটি চক্রচার্টে (Pie chart) এই হিসাবটি দেখিয়ে দিন।

(খ) আটার রুটি তৈরির প্রক্রিয়াকে Flowchart-এর সাহায্যে তুলে ধরুন।

Download From: http://cbseportal.com

**18.** যে কোনো **একটি** বিষয়ে একটি সংক্ষিপ্ত নিবন্ধ লিখুন : 8

(ক) বনসৃজনের উপকারিতা

(খ) একটি ছাতার আত্মকথা

(গ) দৈনন্দিন জীবনে বিজ্ঞান ও প্রযুক্তির ব্যবহার

(ঘ) বন্যা

**19.** চিঠি লেখার নিয়মনীতি মেনে নীচের যে কোনো **একটি** বিষয়ে একটি চিঠি লিখুন : 4

(ক) সম্প্রতি একটি ঐতিহাসিক স্থান দেখে এসেছেন। তার অভিজ্ঞতার কথা জানিয়ে বন্ধুকে চিঠি লিখুন।

(খ) খবরের কাগজে পোশাক বিক্রির হকারের পদের জন্য যোগ্য লোক নিয়োগের বিজ্ঞাপন বেরিয়েছে। তা দেখে ওই পদের প্রার্থী হয়ে পোশাক কোম্পানীর ম্যানেজারের কাছে দরখাস্ত লিখুন।

**20.** যে কোনো **একটির** সংক্ষিপ্তসার লিখুন : 3

(ক) হেথায় আর্য, হেথা অনার্য
হেথায় দ্রাবিড় চীন—
শক হুন দল পাঠান মোগল
এক দেহে হল লীন।
পশ্চিম আজি খুলিয়াছে দ্বার
সেথা হতে সবে আনে উপহার
দিবে আর নিবে মিলাবে মিলিবে
যাবে না ফিরে,
এই ভারতের মহামানবের সাগরতীরে।

(খ) রাত দুপুরের পরে একটা বিস্ফোরণের শব্দে ওদের তন্দ্রা ছুটে গেল—ওরা সভয়ে চেয়ে দেখল জ্বলন্ত পাহাড়ের মুণ্ডুটা উড়ে গিয়েছে। নীচের উপত্যকাতে ছাই, আগুন ও জ্বলন্ত পাথর ছড়িয়ে পড়ে অবশিষ্ট জঙ্গলটাকেও ঢাকা দিল। আলভারেজ পাথরের ঘায়ে আহত হল। ওদের তাঁবুর কাপড়ে আগুন ধরে গেল। পেছনের একটা উঁচু গাছের ডাল ভেঙ্গে পড়ল পাথরের চোট খেয়ে।

Download From: http://cbseportal.com

## বিভাগ—খ

## ( পর্যটন )

**21.** উদাহরণসহ পর্যটনের সংজ্ঞা লিখুন। 2

**অথবা**

পর্যটন কয় প্রকার? প্রত্যেক প্রকারের নাম লিখুন।

**22.** একটি উপকূল পর্যটনের দৃষ্টান্ত দিন। 1

**23.** সুন্দরবন কী ধরনের পর্যটনকেন্দ্র? 1

**24.** ভালো হোটেলের একটি বৈশিষ্ট্য উল্লেখ করুন। 1

**25.** ট্যুর গাইডের কী কী যোগ্যতা থাকা আবশ্যিক? 2

**26.** পর্যটন পরিচালনায় ট্যুরিস্ট কোম্পানির ভূমিকা কতখানি গুরুত্বপূর্ণ, সেটা লিখুন। 4

**27.** পর্যটনের প্রসারের জন্য কী কী পদক্ষেপ নেওয়া দরকার? 4

## বিভাগ—গ

## ( গণজ্ঞাপন )

**21.** উদাহরণসহ গণজ্ঞাপনের গুরুত্ব বিষয়ে আলোচনা করুন। 4

**22.** গণজ্ঞাপনের চারটি পরিকাঠামো বা আঙ্গিকের উল্লেখ করুন। ½×4=2

**23.** রেডিও ও টেলিভিশনের দুটি করে বৈশিষ্ট্যের উল্লেখ করুন। ½×4=2

**24.** মুদ্রিত মাধ্যম হিসাবে সংবাদপত্রের চারটি সুবিধা কী কী? 1×4=4

**25.** গণ মাধ্যমকে যথার্থ জনকল্যাণের সহায়ক হতে হলে কী কী করা দরকার, সেরকম দুটির কথা লিখুন। 1½×2=3

★ ★ ★

Download From: http://cbseportal.com